উনত্রিশ বছর আগে, চিলিতে, ১৯৭৩ সালের ১১ই সেপ্টেম্বরে, জেনারেল পিনোশে সি,আই,এ সমর্থিত একটি সামরিক অভ্যুত্থানের মাধ্যমে সালভাদর আয়েন্দের গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকারকে উৎখাত করে। “আমি এর কোনো হেতু দেখিনা যে আমরা শুধু চেয়ে চেয়ে দেখব যে একটি দেশ কমিউনিস্ট হয়ে যাচ্ছে শুধুমাত্র এর জনগণের দায়িত্বহীনতার জন্য”, বলেছিলেন হেনরি কিসিজ্জার, নোবেল শান্তি পুরস্কার বিজয়ী, প্রেসিডেন্ট নিঙ্কনের আমলের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা।

অভ্যুত্থানের পর প্রেসিডেন্ট আয়েন্দের মৃতদেহ পাওয়া যায় প্রেসিডেন্ট প্রাসাদের অভ্যন্তরে। আমরা কখনোই জানতে পারবনা, তাকে কি খুন করা হয়েছিল নাকি তিনি আত্মহত্যা করেছিলেন। এরপর সেই ত্রাসের রাজত্বে হাজার হাজার মানুষকে হত্যা করা হয়। অনেকেই স্রেফ গুম হয়ে যান। ফ্যারিং স্কোয়াডে চলে গণহত্যা। দেশজুড়ে কনসেন্ট্রেশন ক্যাম্প ও টর্চার চেম্বার চালু হয়। নিহতদের পুতে ফেলা হয় বিভিন্ন খনির সুড়ঙ্গপথ ও অন্যান্য নিশানাহীন গণকবরসমূহে। চিলির জনগণকে ষোলো বছরেরও বেশী সময় পার করতে হয়— মধ্যরাতের দরজায় কড়া নাড়ার শব্দ, নিয়মিতভাবে লাপাতা, আচমকা গ্রেপ্তার এবং নির্যাতনের আতংক মাথায় নিয়ে।

১৯৯৮ সালে ব্রিটেনে জেনারেল পিনোশেকে গ্রেপ্তারের পর, ২০০০ সালে মার্কিন সরকার হাজার হাজার গোপন নথিপত্র প্রকাশ করে। সেগুলোতে অভ্যুত্থানে সি,আই,এ-র জড়িত থাকার সুস্পষ্ট প্রমানের পাশাপাশি জেনারেল পিনোশের আমলে চিলি পরিস্থিতির বিস্তারিত বিবরণ যে মার্কিন সরকারের হাতে

ছিল তা সুস্পষ্টভাবেই প্রতীয়মান। শুধু তাই নয়, জেনারেল পিনোশের প্রতি কিসিজ্জার তার সমর্থন ব্যক্ত করেন, “ আপনি জানেন যে যুক্তরাষ্ট্রে আমরা, আপনি যা করার চেষ্টা করছেন তার প্রতি সহানুভূতিশীল,” তিনি আরো বলেছেন, “ আমরা আপনার সরকারের মঙ্গল কামনা করছি”।

আমরা যারা গনতান্ত্রিক শাসনাধীনে বাস করছি, তা যতই ক্রটিপূর্ণ হোক না কেন, কল্পনাও করতে পারিনা যে স্বৈরশাসনের ছত্রছায়ায় জীবন-যাপন করা এবং স্বাধীনতা হরণের নিশ্চিত যন্ত্রণা ভোগ করা কতটা কঠিন। পিনোশে যাদের হত্যা করেছে শুধু তাদের কথাই নয়, বরং যে সব মানুষকে সে জীবনুত করেছে তাদের কথাও আমাদের ভাবতে হবে।

দুঃখজনকভাবে চিলিই একমাত্র দেশ নয় যার উপর যুক্তরাষ্ট্র সরকারের শ্যোনদৃষ্টি পড়েছে। গুয়াতেমালা, কোস্টারিকা, ইকুয়েডর, ব্রাজিল, পেরু, ডমিনিকান রিপাবলিক, বলিভিয়া, নিকারাগুয়া, হুদুরাস, পানামা, এল সালভাদর, মেক্সিকো, এবং কলম্বিয়া এ সব দেশই ছিল যুক্তরাষ্ট্রের অপারেশন ক্ষেত্র-প্রকাশ্যে-এবং-আড়ালে। যে সকল বৈচ্ছাচারী, অত্যাচারী ও পুতুল স্বৈরশাসক, মাদক ব্যবসায়ী এবং অস্ত্র কারবারীদেরকে এ সব দেশের ক্ষমতার মসনদে বসানো হয়েছিল তাদের শাসন ও শোষণে শত-শত, হাজার-হাজার লাতিন আমেরিকান নিহত ও নির্যাতিত হয়েছেন। অনেককেই শ্রেফ গুম করে ফেলা হয়েছিল। (যুক্তরাষ্ট্র সরকারের অর্থায়নে জর্জিয়ার ফোর্ট বেনিং এর কুখ্যাত স্কুল অব আমেরিকাস থেকে এদের অনেকেই হাত পাকিয়েছিল, যেখান থেকে এরকম ৬০,০০০ স্নাতক তৈরি হয়েছিল।) এও যদি পর্যাপ্ত অপমান না হয়ে থাকে, তবে দক্ষিণ আমেরিকার জনগণ গনতন্ত্রের জন্য অক্ষম এই অপবাদের ক্রুশ তাদের বহন করতে হয়-যেন তাদের বংশগতির ধরকে যে কোনভাবেই হোক অতুখান এবং গনহত্যা শব্দগুলো খোদাই করে রাখা আছে।

উপরের তালিকায় যুক্তরাষ্ট্রের সামরিক হস্তক্ষেপের কারণে ভূক্তভোগী এশিয়া ও আফ্রিকার দেশগুলোর নাম রাখা হয়নি-সোমালিয়া, ভিয়েতনাম, কোরিয়া, ইন্দোনেশিয়া, লাওস এবং কম্বোডিয়া। কত দশকের কতগুলো সেক্টেম্বর ধরে এশিয়াবাসীর উপর বোমা বর্ষন করে, আঙনে পুড়িয়ে, কসাইগিরি চালানো হচ্ছে? আগস্ট ১৯৪৫ এর পর কতগুলো সেক্টেম্বর পার হয়েছে, যখন শত শত, হাজার হাজার জাপানি জনগণ হিরোশিমা ও নাগাসাকিতে বোমার আঘাতে চূর্ণ-বিচূর্ণ হয়েছেন। তারপর কতগুলো সেক্টেম্বর পার



করেছে সেই আঘাত পার করে বেচে থাকার মত দূর্ভাগ্য যে সকল হাজারের হয়েছিল যাদের উপরে সাক্ষাৎ জীবন্ত নরক নেমে এসেছিল, তাদের অনাগত সন্তান, সন্তানদের সন্তান, পৃথিবী, আকাশ, বায়ুমণ্ডল, পানি, এবং অন্য সব সৃষ্টি যারা সাঁতার কাটে, যারা হামাগুড়ি দেয়, যারা আকাশে ওড়ে সবার ওপরে? এখান থেকে খুব বেশী দূরে নয়, আলবুকার্কে, ন্যাশনাল এ্যাটমিক মিউজিয়ামে ফ্যাটম্যান এবং লিটল বয় (হিরোশিমা, নাগাসাকিতে বর্ষিত বোমাগুলোর আদুরে ডাকনাম) কানের দুলের স্যুভেনির পাওয়া যেত। উড়নচন্দী তরুণরা সেগুলি পরত। প্রতিটি কানে ম্যাসাকার বুলত। কিন্তু, আমি প্রসঙ্গ থেকে সরে যাচ্ছি। আমাদের সেপ্টেম্বর নিয়ে কথা বলার কথা, আগস্ট নয়।

মধ্যপ্রাচ্যেও ১১ই সেপ্টেম্বর একটি করুণ অনুরনন। ১৯২২ এর ১১ই সেপ্টেম্বরে, আরবদের ক্ষোভকে উপেক্ষা করে, ব্রিটিশ সরকার ফিলিস্তিনের উপর একটি প্রজ্ঞাপন জারি করে, যা ছিল ১৯১৭ এর ব্যালফোর ঘোষণার<sup>১১</sup> ধারাবাহিকতা, যা ইস্যু করেছিল স্বয়ং ব্রিটিশ সাম্রাজ্য, গাজা নগরীর গেটগুলোর বাইরে এর সামরিক বাহিনীর গণহত্যাকে সাথী করে।

ব্যালফোর ঘোষণা ইউরোপীয় জায়েনবাদীদের প্রতিশ্রুতি দিয়েছিল, “ইহুদি জনগণের জন্য একটি জাতীয় আবাসস্থলের”। (সে সময়, কখনোই সূর্য না ডোবা সাম্রাজ্য এ ভাবেই মুক্তহস্তে জাতীয় আবাসস্থল কেড়ে নিত ও দিয়ে দিত যেভাবে স্কুলের ষভা মার্কা ছোকরারা মার্বেল দেওয়া-নেওয়া করে)। সে ঘোষণার দুই বছর পর ব্রিটিশ পররাষ্ট্র সচিব লর্ড আর্থার জেমস ব্যালফোর বলেছিলেনঃ

ফিলিস্তিনের বর্তমান অধিবাসীদের ইচ্ছা-অনিচ্ছা বিবেচনা করার প্রস্তাবের প্রক্রিয়ার ধারকাছ দিয়েও আমরা যাবনা. . . জায়েনবাদ, হোক তা সঠিক বা ভুল, ভাল অথবা খারাপ, প্রথিত আছে বহু বছরের ঐতিহ্যে, বর্তমান প্রয়ো- জনে, ভবিষ্যতের আশায়, বর্তমানে এই প্রাচীন ভূমির অধিবাসী ৭০০০০০ আরবের আশা-আকাংখার এবং সংস্কারের চাইতে তা অনেক বেশী সুগভীরভাবে তাৎপর্যমণ্ডিত।

কি খেলাচ্ছলে সাম্রাজ্যবাদী শক্তি বিধান জারি করে যে কার প্রয়োজনীয়তা সুগভীর আর কার নয়। কিরূপ খেলাচ্ছলেই না তারা প্রাচীন সভ্যতাগুলোর ব্যবচ্ছেদ সম্পন্ন করে। ফিলিস্তিন ও কাশ্মীর হল ব্রিটিশ সাম্রাজ্যের রেখে যাওয়া দগদগে পুজ, আধুনিক বিশ্বকে দেওয়া এর রক্তমাখা উপহার। উভয়েই বর্তমানের ক্রম উত্তপ্তমান আন্তর্জাতিক সংঘর্ষের মানচিত্রের বৃক্কে একটি চ্যুতিরেখা।

## ১৯৩৭ সালে ফিলিস্তিন সম্পর্কে উইনস্টন চার্চিলের বক্তব্যঃ

আমি এই ব্যাপারে একমত নই যে খোয়াভের কুকুরের এর উপর কোনো চূড়ান্ত অধিকার আছে, এমনকি সেটা এর উপর অনেকক্ষন ধরে শুয়ে থাকলেও না। একে আমি সঠিক বলে মানিনা। আমি মানিনা যে, উদাহরণস্বরূপ, আমেরিকার রেড ইন্ডিয়ান বা অস্ট্রেলিয়ার কালো মানুষদের বড় ধরনের কোন অন্যায় করা হয়েছে। আমি মানিনা যে ঐ সকল মানুষদের সাথে কোন অন্যায় করা হয়েছে, যে, একটি শক্তিশালী, উন্নত এবং পৃথিবী সম্পর্কে অধিকতর জ্ঞানী জাতি এসে তাদেরকে তাদের নিজ ভূমি থেকে উচ্ছেদ করেছে এবং তাদের ভূমির উপর দখল কয়েম করেছে।

এ ভাষনই ফিলিস্তিনীদের প্রতি ইসরায়েলি রাষ্ট্রের মনোভাব নির্ধারিত করে দেয়। ১৯৬৯ সালে ইসরায়েলি প্রধানমন্ত্রী সোল্ডা মেয়ার বলেছিলেন, “ফিলিস্তিনীদের কোনো অস্তিত্বই নেই”। তার উত্তরসূরি প্রধানমন্ত্রী লেভি এশ্কল বলেছেন, “ফিলিস্তিনিরা কোথায়? আমি যখন এখানে (ফিলিস্তিনে) আসি, তখন এখানে ২৫০০০০ অ-ইহুদি ছিল, বেশীরভাগই আরব এবং বেদুইন। এটা ছিল এক মরুভূমি, অপুরতের চেয়েও খারাপ। একেবারে যাচ্ছেতাই।” প্রধানমন্ত্রী মেনাশিম বেজিন ফিলিস্তিনদের আখ্যা দিয়েছিল “দুই পায়াল জন্তু”। প্রধানমন্ত্রী আইজ্যাক শামীর তাদের আখ্যা দিয়েছিল “ঘাসফড়িং”, যাদেরকে জুতোর তলে পিষে ফেলা যায়। এগুলো হল রাষ্ট্রপ্রধানদের ভাষা, সাধারণ মানুষের নয়। ১৯৪৭ সালে জাতিসংঘ আনুষ্ঠানিকভাবে ফিলিস্তিনকে বিভক্ত করে এবং ৫৫ শতাংশ ফিলিস্তিনি ভূমি জায়নবাদীদেরকে বরাদ্দ দেয়। এক বছরের মধ্যে তারা ৭৬ ভাগের দখল নেয়। ১৪মে ১৯৪৮, ইসরায়েলি রাষ্ট্রের ঘোষণা দেওয়া হয়। ঘোষণার কয়েক মিনিটের ব্যবধানই যুক্তরাষ্ট্র ইসরায়েলকে স্বীকৃতি দেয়। জর্ডান পশ্চিম তীরের দখল নেয়। গাজা উপত্যকার অংশবিশেষ আসে মিশরের সামরিক কন্ট্রলের অধীনে। আনুষ্ঠানিকভাবে, ফিলিস্তিনের অস্তিত্ব বিলুপ্ত হয়ে ঠাই নেয় এর শত হাজার হাজার শরণার্থীতে পরিণত হওয়া গণমানুষের হৃদয়ে।

১৯৬৭-এর গ্রীষ্মে, ইসরায়েল পশ্চিম তীর ও গাজার দখল নেয়। নয়া বসতি স্থাপনকারীদের দখলীকৃত এলাকায় স্থানান্তরের জন্য সব ধরনের রাষ্ট্রীয় বরাদ্দ ও উন্নয়ন সহযোগিতার প্রতিশ্রুতি দেওয়া হয়। প্রায় প্রতিদিনই আরও বেশি বেশি ফিলিস্তিনি পরিবারকে তাদের নিজ ভূমি থেকে উচ্ছেদ করা হয় ও উদ্বাস্তু শিবিরে আশ্রয় নিতে বাধ্য করা হয়। যে সকল ফিলিস্তিনিরা ইসরায়েলে থেকে যায় তারা ইসরায়েলিদের

মত সুযোগ-সুবিধা ও সমান অধিকার এর ছিটেফোটাও পায়নি। তারা তাদের স্বাবেক স্বদেশে দ্বিতীয় শ্রেণীর নাগরিক হিসেবে বসবাস করছে।

দশকের পর দশক ধরে সেখানে বিদ্রোহ, যুদ্ধ, ইনতিফাদায় হাজার হাজার মানুষ প্রাণ হারিয়েছেন। সন্ধি ও শান্তিচুক্তি স্বাক্ষরিত হয়েছে। যুদ্ধবিরতি ঘোষিত ও লজ্জিত হয়েছে। কিন্তু রক্তপাত থামেনি। ফিলিস্তিন এখনও অবৈধ দখলদারের অধীনে। এর জনগণ অমানবিক পরিস্থিতিতে বাস করছেন, কার্যত এক বাস্তবস্থানে, ১২ যেখানে তাদের গণহাের শান্তি ও ২৪ ঘণ্টা কারফিউ এর শিকার হতে হচ্ছে, প্রতিদিনই তারা অপদস্থতা ও পাশবিকতার বলি হচ্ছেন। তারা জানেননা, কখন তাদের বাড়ী-ঘর ধ্বংসস্তুপে পরিণত হবে, কখন তাদের শিশুদের গায়ে গুলি লাগবে, কখন তাদের মূল্যবান গাছগুলো কাটা পরবে, কখন তাদের রাস্তা-ঘাট বন্ধ করে দেওয়া হবে, খাদ্য এবং ওষুধের জন্য কখন বাজারে যাবার অনুমতি মিলবে। এবং কখন মিলবেনা। মান-সন্মান নিয়ে বসবাস করার ছিটেফোটাও তারা পাননা। পাবার কোনো আশাও নেই। তাদের কোনও নিয়ন্ত্রন নেই তাদের ভূমি, নিরাপত্তা, চলাফেরা, যোগাযোগ ও পানির সরবরাহের উপর। তাই যখন শান্তিচুক্তি স্বাক্ষরিত হয় ও “স্বায়ত্বশাসন” এবং এমনকি, “সার্বভৌম রাষ্ট্র” শব্দগুলো সমালোচিত হয়, তখন সবসময়ই এগুলো গুরুত্বপূর্ণ প্রশ্ন হয়ে দাড়ায় যে: কি ধরনের স্বায়ত্বশাসন? কি ধরনের রাষ্ট্র? কি ধরনের সুযোগ-সুবিধা ভোগ করে এর জনগণ?

তরুণ ফিলিস্তিনি যারা নিজেদের ক্ষেভ দমনে ব্যর্থ হয়ে নিজেদের মানব বোমায় পরিণত করে, এবং ইসরায়েলের রাস্তাঘাট ও জনবহুল জায়গাগুলোতে আতংক ছড়িয়ে, নিজেদেরকে উড়িয়ে দিচ্ছে, সাধারণ জনগণকে হত্যা করছে, প্রাত্যহিক জীবনে সন্ত্রাস হুড়াচ্ছে এবং পরিশেষে উভয় সমাজের মধ্যে সন্দেহ ও পারস্পরিক ঘৃনাকে আরো বিষিয়ে তুলছে। প্রতিটি বোমার আঘাত ফিলিস্তিনি জনগণের জীবনকে নিষ্ঠুর প্রতিশোধ ও আরো বেশি দুর্ভোগের দিকে ঠেলে দিচ্ছে। কিন্তু আত্মঘাতী বোমা হামলা ব্যক্তিগত হত্যাশরই প্রতিফলন। কোন বৈপ্লবিক রণকৌশল নয়। যদিও ফিলিস্তিনিদের আক্রমণ ইসরায়েলি জনমনে আতংক ছড়াচ্ছে, সেগুলো একইসাথে ফিলিস্তিনি অধ্যুষিত এলাকায় ইসরায়েলি সরকারের প্রতিদিনকার বাটিকা আক্রমণের অজুহাত তৈরি করে দিচ্ছে। সেকলে, উনিশ শতকীয় ঔপনিবেশিকতার এক নিখুঁত অজুহাত, নতুন রুপে, নতুন সাজে, একুশ শতকের যুদ্ধে।

মার্কিন যুক্তরাষ্ট্রে সর্বদাই ইসরায়েলের রাজনৈতিক ও সামরিক গোঁড়া মিত্র ছিল এবং আছে। ইসরায়েলের সাথে জোট বেঁধে মার্কিন সরকার সংঘর্ষ নিরসনের লক্ষে জাতিসংঘের প্রায় প্রতিটি শান্তিপূর্ণ ও নিরপেক্ষ সমাধানের প্রচেষ্টায় বাঁধা দিয়েছে। ইসরায়েলের প্রায় প্রতিটি যুদ্ধকেই তারা সমর্থন করেছে। ইসরায়েল যখন ফিলিস্তিন আক্রমণ করে, তখন মার্কিন ক্ষেপনাস্ত্রই ফিলিস্তিনের বাড়ি-ঘর গুড়িয়ে দেয়। এবং প্রতি বছরই ইসরায়েল মার্কিন যুক্তরাষ্ট্রের কাছ থেকে বিলিয়ন বিলিয়ন ডলারের সহায়তা পায়। বৈদেশিক সামরিক অর্ধায়নে বার্ষিক ৩ বিলিয়ন ডলারেরও বেশি অংকের পাশাপাশি, মার্কিন সরকার ইসরায়েলকে অর্থনৈতিক সহযোগিতা, ঋন, প্রযুক্তির হস্তান্তর, এবং অস্ত্র বিক্রি করে থাকে।

এই করণ সংঘর্ষ থেকে আমাদের কি শিক্ষা গ্রহণ করা উচিত? ইহুদি জনগণ যারা নিজেরাই নিষ্ঠুরভাবে ভুক্তভোগী-মানবজাতির ইতিহাসে সস্তবত সবচাইতে বেশী নিষ্ঠুরভাবে-তাদের পক্ষে কি, যাদের তারা বাস্তবচ্যুত করেছে তাদের নাজুক পরিস্থিতি এবং প্রানপণ আকৃতি অনুধাবন করা সত্যিই সম্ভবপর নয়? চরম যন্ত্রণা ভোগ থেকে কি সব সময়ই নিষ্ঠুরতা জন্ম নেয়? এ থেকে মানবজাতির পক্ষে আশাবাদী হবার মত কোনো আশাই কি অবশিষ্ট থাকে? যখন রাষ্ট্রহীন কোনো জাতি অবশেষে নিজস্ব একটি রাষ্ট্রের ঘোষণা দেয়, তখন তা কেমন রাষ্ট্র হবে? এর পতাকার আড়ালে কি কি ভয়ংকর কর্মকান্ড সংঘটিত হবে? কোনো পৃথক জাতিরাই গঠনের জন্য আমাদের সংগ্রাম করা উচিত নাকি জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে সকলের স্বাধীনতা ও মর্যাদাপূর্ণ জীবনের জন্য সংগ্রাম করা উচিত?

ফিলিস্তিন ছিল মধ্যপ্রাচ্যের এক সময়কার অসাম্প্রদায়িক দুর্গ। কিন্তু এখন দুর্বল, অগণতান্ত্রিক, সার্বিকভাবে দুর্নীতিগ্রস্ত, কিন্তু অসাম্প্রদায়িক বলে বিবেচ্য প্যালেস্টাইন লিবারেল অর্গানাইজেশন (পি,এল,ও) তাদের পায়ের তলার মাটি হারাচ্ছে হামাসের কাছে, যারা সুস্পষ্টভাবেই একটি সাম্প্রদায়িক মতবাদের অনুসারী এবং ইসলামের নামে তাদের সংগ্রাম পরিচালনা করে। এর ইশতিহার থেকে উদ্ধৃতঃ “আমরা হব এর সৈনিক এবং এর জ্বালানির লাকড়ি, যা শত্রুদেরকে পুড়িয়ে মারবে।

সারা বিশ্ব আত্মঘাতী বোমা হামলাকারীদের দোষারোপ করে। কিন্তু এরকম চরম একটি গন্তব্যে আসতে তাদেরকে যে দীর্ঘ পথ পাড়ি দিতে হয়েছে তা কি আমরা অস্বীকার করতে পারি? ১৯২২ এর ১১ই সেপ্টেম্বর থেকে ২০০২ এর ১১ই সেপ্টেম্বর-আশি বছর ধরে যুদ্ধ চালিয়ে আসা কোনো মুখের কথা নয়।

ফিলিস্তিনি জনগণকে দেবার মত কোনো পরামর্শ কি বিশ্ববাসীর কাছে আছে? কিঞ্চিৎ আশাও কি আমরা দেখাতে পারি? তাদের কি উচিৎ উচ্ছিষ্ট খাবার খেয়ে বেঁচে থাকার জন্য থিতু হওয়া এবং ঘাসফড়িং বা দু'পায়া জন্তুর মত আচরণ করা যা তাদের বলা হয়ে থাকে? নাকি তাদের উচিৎ গোল্ডা মেয়ারের উপদেশ মেনে অস্তিত্বহীন হবার নিমিত্তে একটি সত্যিকারের প্রচেষ্টায় নামা?

মধ্যপ্রাচ্যের আরেকটি অংশে ১১ ই সেপ্টেম্বর একটি নতুন ভাল ধরেছে। ১৯৯০ এর ১১ই সেপ্টেম্বর—এ জর্জ ডব্লিউ বুশ সিনিয়র, তৎকালীন মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট, কংগ্রেসের একটি সম্মিলিত সভায় তার ভাষণের মাধ্যমে ইরাকের বিরুদ্ধে তার সরকারের গৃহীত যুদ্ধের ঘোষণা দেন।

মার্কিন সরকার বলে থাকে যে, সাদ্দাম হোসেন একজন যুদ্ধাপরাধী, নিষ্ঠুর সামরিক স্বৈরশাসক যে তার নিজস্ব জনগণের উপর গণহত্যা চালিয়েছে। এটা তার সম্পর্কে প্রায় সঠিক বর্ণনা। ১৯৮৮ সালে তিনি উত্তর ইরাকের শত শত গ্রাম ধুলোয় মিশিয়ে দিয়েছিলেন এবং রাসায়নিক অস্ত্র ও মেশিনগান দিয়ে হাজার হাজার কুর্দি জনতাকে হত্যা করেছিলেন। আজকে আমরা জানি, সেই একই বছরে, যুক্তরাষ্ট্র সরকার তাকে ৫০০ মিলিয়ন ডলারের অর্থনৈতিক সহায়তা দিয়েছিল মার্কিন কৃষিপণ্য কেনার জন্য। তার পরের বছর, যখন তিনি তার গণহত্যা মিশনের সফল পরিসমাপ্তি টানেন, মার্কিন সরকার তখন তার আর্থিক সহায়তা দ্বিগুণ করে সেটাকে এক বিলিয়ন ডলারে পরিণত করে। এর সাথে তাকে উচ্চমানসম্পন্ন জীবানুবীজ সরবরাহ করা হয় এ্যানথ্রাক্স

তৈরির জন্য, সেই সাথে হেলিকপ্টার এবং ডুয়াল-ইউজ উপাদান যা দিয়ে রাসায়নিক ও জীবানু অস্ত্র প্রস্তুত করা যায়।

তাই এটা পরিষ্কার যে, যখন সাদ্দাম হোসেন তার নিকৃষ্টতম নৃশংসতাগুলো চালাচ্ছিলেন, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র সরকার ছিল তার ঘনিষ্ঠ মিত্র। এমনকি বর্তমানেও, তুরস্কের সরকার, বিশ্বে যাদের মানবাধিকারের রেকর্ড অতি ভয়াবহ, তারাও যুক্তরাষ্ট্র সরকারের অতি ঘনিষ্ঠতম মিত্র। কুর্দিদের উপর তুরস্ক সরকারের নিষ্পেষণ ও হত্যাও মার্কিন যুক্তরাষ্ট্র সরকারকে তুর্কিদের অস্ত্র সরবরাহ ও উন্নয়ন সহযোগিতা দেওয়া থেকে রুখতে পারেনি। এটা পরিষ্কার যে, কুর্দি জনগণের জন্য দুশ্চিন্তায় ব্যাকুল হয়ে প্রেসিডেন্ট বুশ কংগ্রেসে তার ভাষণ দেননি।



কীসের পরিবর্তন হয়েছে? ১৯৯০ এর আগস্টে সাদাম হোসেন কুয়েত আক্রমণ চালান। তার অপরাধ এই নয় যে তিনি একটি যুদ্ধ করেছেন, কিন্তু তার অপরাধ হল যে তিনি সেটা করেছেন তার প্রভুদের অনুমতি না নিয়েই। স্বাধীনতার এই প্রদর্শনী উপসাগরে ক্ষমতার সমীকরণ বিগড়ে দেবার জন্য যথেষ্ট ছিল। তাই সিদ্ধান্ত গৃহীত হল যে, সাদাম হোসেনকে—যে কিনা পোষা প্রাণীর মত মনিবের আদর পেয়ে মাথায় চড়ে বসে—নির্মূল করতে হবে।

ইরাকের উপর প্রথম সংঘবদ্ধ হামলা চালানো হয়েছিল ১৯৯১ সালের জানুয়ারী মাসে। টেলিভিশনের পর্দায় বিশ্ব প্রভাক্ষ করল যুদ্ধের প্রধান সংবাদ (সে সময়, ভারতে সি,এন,এন দেখতে হলে আপনাকে যেতে হত কোন পাঁচতারা হোটেলের লবিতে)। একমাসের প্রলয়ংকরী বোমা বর্ষণে দশ হাজারের বেশী মানুষ প্রাণ হারান। অনেকেই যেটা জানেনা তা হল, যুদ্ধ তখনো শেষ হয়নি। প্রাথমিক প্রচণ্ডতা প্রশমিত হয়েছিল ভিয়েতনাম যুদ্ধ—পরবর্তী কোনো একটি দেশের উপর সর্বাধিক সময় ধরে চলা বিমান আক্রমণে পর্যবসিত হয়ে। গত এক দশক ধরে মার্কিন ও ব্রিটিশ বাহিনী ইরাকের উপর হাজার হাজার স্ফেপাঞ্জ ও বোমা নিক্ষেপ করেছে। ইরাকের মাঠ—ঘাট ও কৃষি জমির উপর ৩০০ টন ডিপ্রেটেড ইউরেনিয়াম নিক্ষিপ্ত হয়েছে। তাদের বোমা আক্রমণের টার্গেটের মধ্যে পানি বিস্তৃষ্টকরণ প্ল্যান্টও ছিল যা তারা ধ্বংস করে, এটা জানার পরও যে সেগুলো বিদেশী সহায়তা ছাড়া মেরামত করা সম্ভব নয়। ইরাকের দক্ষিণাঞ্চলে, শিশুদের মাঝে ক্যান্সারের পরিমাণ চার গুন বৃদ্ধি পেয়েছে। যুদ্ধ—পরবর্তী অর্থনৈতিক অবরোধের এক দশক সময় ধরে ইরাকের বেসামরিক জনগণ তাদের মৌলিক চাহিদা খাদ্য, ঔষধ, হাসপাতালের সরঞ্জাম, এ্যাম্বুলেন্স ও বিস্তৃষ্ট পানি থেকে বঞ্চিত হয়েছে।

অবরোধের কারণে প্রায় পাঁচ লক্ষ ইরাকি শিশু মৃত্যুবরণ করে। এর মাঝে জাতিসংঘে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মেডেলিন অলব্রাইটের বিখ্যাত উক্তি, “আমি মনে করি এটা খুবই কঠিন সিদ্ধান্ত, কিন্তু এর মূল্য—আমরা মনে করি মূল্য যথার্থই”। যরান ইকুইভ্যালেন্স বা নৈতিক কুটুম্বতা শব্দটি ব্যবহার করা হত যারা আফগান যুদ্ধের বিরোধীতা করত তাদের প্রতি কাদা হুঁড়তে। মেডেলিন অলব্রাইট নৈতিক কুটুম্বতার অভিযোগে অভিযুক্ত হতে পারেন না। তিনি যা বলেছেন তা সোজা সাপটা বীজগণিত।

এক দশকের বোমা বর্ষণ “বাগদাদের পশু” সাদ্দাম হোসেনকে উৎখাত করতে পারেনি। এখন প্রায় বার বছর পর প্রেসিডেন্ট জর্জ ডব্লিউ বুশ সেই একই বাগ্মীতায় শান দিচ্ছেন। তিনি একটি সর্বময় যুদ্ধের প্রস্তাবনা দিচ্ছেন যার লক্ষ “শাসক পরিবর্তন”এর চেয়ে কিছু কম নয়। *দ্যা নিউ ইয়র্ক টাইমস* বলেছে যে, বুশ প্রশাসন, “জনগণ, কংগ্রেস ও এর প্রয়োজনীয় মিত্রদের মনে বিশ্বাস যোগাতে এবং তাদের নিয়ে সাদ্দাম হোসেনের হুমকি মোকাবেলার জন্য একটি নিশ্ছিন্নভাবে পরিকল্পিত কৌশল অনুসরণ করছে”। হোয়াইট হাউজের চিফ অব স্টাফ এনড্রু কার্ড বলেছেন প্রশাসন কিভাবে শরতের পরিকল্পিত যুদ্ধের জন্য প্রস্তুত হচ্ছে: “মার্কেটিং এর দৃষ্টিকোণ থেকে”, তিনি বলেন—, “আপনি আগষ্টে নতুন কোন পণ্য বাজারে ছাড়বেন না”। বর্তমানে ওয়াশিংটনের বিজ্ঞাপনের ভাষা কুয়েতি জনগণের অবস্থান নিয়ে নয় কিন্তু তাদের জোরালো দাবি যে ইরাকের কাছে ব্যাপক গণবিধ্বংসী অস্ত্র আছে। ভুলে যাও “শান্তি”কামীদের দায়সারা নৈতিক বাগাড়ম্বর; লিখেছেন রিচার্ড পার্লে, প্রতিরক্ষা কৌশল বোর্ডের চেয়ারম্যান, মার্কিন যুক্তরাষ্ট্র “প্রয়োজনে একাই একশো” এবং প্রয়োজনে অগ্রাধিকার ভিত্তিতে আক্রমণ চালাবে যদি তা মার্কিন যুক্তরাষ্ট্রের স্বার্থকে নিশ্চিত করে।

অস্ত্র পরিদর্শকগণ ইরাকের ব্যাপক “গণবিধ্বংসী অস্ত্র” সম্পর্কে পরস্পর বিরোধী প্রতিবেদন দিয়েছেন। এদের অনেকেই বলেছেন যে এর অস্ত্রাগার ধ্বংস হয়ে গিয়েছে এবং আরেকটি অস্ত্রাগার বানাবার সামর্থ্য এর নেই। যাই হোক, মার্কিন যুক্তরাষ্ট্রের পারমানবিক ও রাসায়নিক অস্ত্রাগারের পরিধী ও বিস্তৃতি সম্পর্কে কোন সন্দেহের অবকাশ নেই। যুক্তরাষ্ট্র সরকার কি তবে অস্ত্র পরিদর্শকগণকে স্বাগত জানাবে? যুক্তরাজ্যও কি জানাবে? কিংবা ইসরায়েল? ইরাকের কাছে পারমানবিক অস্ত্র থাকলেই বা কি? মার্কিন যুক্তরাষ্ট্রের আছে পৃথিবীর সর্ববৃহৎ পারমানবিক অস্ত্রাগার। এটি বিশ্বের একমাত্র দেশ যা বেসামরিক জনগণের উপর এই অস্ত্র প্রয়োগ করেছে। যুক্তরাষ্ট্রের জন্য যদি ইরাকে অগ্রাধিকার ভিত্তিতে আক্রমণ চালানো জায়েয হয়ে থাকে, তবে অন্য কোন পারমানবিক ক্ষমতার অধিকারী দেশেরও অন্য আরেকটি দেশের উপর অগ্রাধিকার ভিত্তিতে আক্রমণ চালানো কেন জায়েয হবেনা? ভারত পাকিস্তানকে আক্রমণ করতে পারবে, অথবা পাকিস্তান ভারতকে। যদি মার্কিন সরকার ভারতের প্রধানমন্ত্রীর প্রতি নাখোশ হয়, তবে কি শুধু “অগ্রাধিকার-ভিত্তিতে” আক্রমণ চালিয়ে তাকে উৎখাত করতে পারবে?



অতি সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্র ভারত ও পাকিস্তানকে যুদ্ধের মুখ থেকে ফিরিয়ে আনতে তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করেছে। এর নিজের উপদেশ মেনে চলাও কি এর জন্য এতো কঠিন? নৈতিকতার দায়সারা বাণী শোনানোর দায়ে কে দুঃস্থ? একমুখে শান্তির বানী আর অন্যদিকে যুদ্ধবাজী? মার্কিন যুক্তরাষ্ট্র, জর্জ বুশ যাকে বলেন “একটি শক্তিকামী রাষ্ট্র”, গত পঞ্চাশ বছরের প্রায় প্রতি বছরেই কোনো না কোনো দেশের সাথে যুদ্ধে লিপ্ত ছিল।

মানবতার কল্যাণের জন্য কখনোই কোনো যুদ্ধ করা হয়নি। যুদ্ধ হয় প্রধানত আধিপত্যের জন্য, ব্যবসায়ের জন্য। আর তারপর, অবশ্যই, যুদ্ধেরও ব্যবসা হয়। বিশ্বের তেলের উপর আধিপত্য বজায় রাখা মার্কিন পররাষ্ট্র বা বৈদেশিক নীতির মূল স্তম্ভ। সাম্প্রতিককালে বলকান ও মধ্য এশিয়ায় মার্কিন সরকারের সামরিক হস্তক্ষেপের পেছনে তেলের কারবার জড়িত। মার্কিন মদদে ক্ষমতায় বসা আফগানিস্তানের পুতুল প্রেসিডেন্ট হামিদ কারজাইকে বলা হয় যুক্তরাষ্ট্রভিত্তিক তেল কোম্পানি ইউনোক্যাগালের সাবেক কর্মকর্তা। মধ্যপ্রাচ্যে মার্কিন সরকারের এই বাতিকগ্রস্ত টহলদারীর কারণ বিশ্বের মোট তেলের দুই-তৃতীয়াংশের মজুদই সেখানে। তেল যুক্তরাষ্ট্রের ইঞ্জিনগুলোর ঘড়ঘড় শব্দ চালু রাখে। তেলই মুক্তবাজারের চাকাকে গড়িয়ে নিয়ে চলে। বিশ্বের তেলের নিয়ন্ত্রণ যার হাতে, বাজারও তার হাতের মুঠোয়।

এবং কিভাবে আপনি তেলের নিয়ন্ত্রক হবেন? নিউ ইয়র্ক টাইমস এর প্রবন্ধকার টমাস ফ্রেডম্যানের চাইতে আর কেউ বোধ করি সেটা এতটা আভিজাত্যের সুরে বলতে পারেননি, “ক্রেজিনেস পে’স” প্রবন্ধে তিনি বলেছেন, “যুক্তরাষ্ট্রকে ইরাক ও যুক্তরাষ্ট্রের মিত্রদের কাছে এটা পরিত্যক্ত করতে হবে যে . . মার্কিন যুক্তরাষ্ট্র শক্তি প্রয়োগ করবে, কোনো আলোচনা, বিধা, কিংবা জাতিসংঘের অনুমোদন ছাড়াই”। তার পরামর্শ স্বাদরে গৃহীত হয়েছে। ইরাক ও আফগানিস্তানের বিরুদ্ধে যুদ্ধে, সেই সাথে জাতিসংঘের প্রতি যুক্তরাষ্ট্রের প্রায় প্রতিদিনকার বৃদ্ধাঙ্গুলি প্রদর্শনে। বিশ্বায়ন নিয়ে তার লেখা একটি বই *দি লেক্সাস এ্যাণ্ড দি অলিভ ট্রি*-তে ফ্রেডম্যান লিখেছেন: “বাজারের গোপন হাতটি কখনোই একটি গোপন কজি ছাড়া চলতে পারেনা। ম্যাকডনেল ডগলাস ছাড়া ম্যাকডোনাল্ড বিকশিত হতে পারেনা. . . আর যে গোপন কজিটি সিলিকন ভ্যালির প্রযুক্তির বিকাশের পথে বিশ্বকে জঞ্জালমুক্ত রাখে তাকে বলা হয় মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক, বিমান, নৌ ও মেরিন বাহিনী”।

এটা সম্ভবত কোনো অসতর্ক মুহূর্তের লেখা। কিন্তু আমার পড়ার মধ্যে এটা নিশ্চিতভাবেই কর্পোরেট বিশ্বায়ন প্রকল্প সম্পর্কে সবচাইতে নির্ভুল ও সংক্ষিপ্ত লেখা। ১১ই সেপ্টেম্বর ২০০১ এর পর এবং সন্ত্রাসবিরোধী যুদ্ধে, এই গোপন হাত ও কজির দস্তানা উন্মোচিত হয়, এবং পরিষ্কার ভাবে আমরা দেখতে পাই মার্কিন যুক্তরাষ্ট্রের আরেকটি হাতিয়ার—মুক্তবাজার— উন্ময়নশীল বিশ্বের ঘাড়ে বসে যে কিনা দাঁতে দাঁত চেপে তার হাসি লুকোচ্ছে। “যে কর্মের কোন শেষ নেই”—তা হল মার্কিন যুক্তরাষ্ট্রের নিশ্চিত যুদ্ধ, মার্কিন সাম্রাজ্যবাদের সীমাহীন বিস্তারের নিখুঁত মাধ্যম। উর্দুতে মুনাফাকে বলা হয় ফায়দা, আল কায়দা অর্থ হুকুম, স্রষ্টার হুকুম, আইন। তাই, ভারতে আমরা কেউ কেউ সন্ত্রাস-বিরোধী যুদ্ধকে বলি, আল কায়দা বনাম আল ফায়দা—হুকুম বনাম মুনাফা। এখন আপাতত আল কায়দার দিনই চলছে বলে মনে হচ্ছে। তবে ভবিষ্যতে কি হবে সেটা আপনি বলতে পারেন না।

গত দশ বছরের লাগামহীন কর্পোরেট বিশ্বায়নে, বিশ্বে আয় বৃদ্ধি পেয়েছে প্রতি বছর গড়পত্তা ২.৫ শতাংশ হারে। অথচ তারপরও বিশ্বে দরিদ্র মানুষের সংখ্যা ১০০মিলিয়ন বৃদ্ধি পেয়েছে। ওপরের সারির বৃহৎ ১০০টি অর্থনৈতিক শক্তির ৫১টিই কর্পোরেশন, কোন দেশ নয়। ওপরের দিকের ১ শতাংশের আয় নিচের দিকের ৫৭ শতাংশের আয়ের সমপরিমাণ এবং বৈষম্য বেড়েই চলেছে। বর্তমানে সন্ত্রাস-বিরোধী যুদ্ধের আবরণের নীচে এই প্রক্রিয়াকে আরো তড়িঘড়ি করে এগিয়ে নেওয়া হচ্ছে। স্যুট-টাই পরিহিত ব্যক্তিদের নজিরবিহীন ব্যস্ততা। যখন আমাদের ওপর বৃষ্টির মত বোমা বর্ষিত হয়, আর আকাশে ত্রুজ মিসাইলেরা বেপরোয়া পাশ কাটায়, যখন পারমানবিক অস্ত্রের অবিরাম সরবরাহ ও মজুদ চলতে থাকে বিশ্বকে আরো নিরাপদ স্থান বানানোর জন্য, তখন চুক্তি স্বাক্ষরিত হয়, স্বত্ব নিবন্ধিত হয়, তেলের পাইপ লাইন নির্মিত হয়, প্রাকৃতিক সম্পদ লুপ্তিত হয়, পানিকে ব্যক্তিগত সম্পত্তি বানানো হয়, এবং গনতন্ত্রকে পঙ্গু করে হাসপাতালে পাঠিয়ে দেওয়া হয়।

ভারতের মত একটি দেশে কর্পোরেট বিশ্বায়ন প্রকল্প “কাঠামোগত সমন্বয়” এর নামে শেষমেষ মানুষের জানমালের দিকে এর খাবা বিস্তার করছে। “উন্ময়ন” প্রকল্প, ব্যাপক বেসরকারীকরণ আর শ্রম সংস্কার গণমানুষকে তাদের জমি থেকে উচ্ছেদ করছে, এবং জীবিকা থেকে বিভাড়িত করছে, ফলে এমন বর্বরোচিত জবরদখল চলছে যে ইতিহাসে তার জুড়ি মেলা ভার। বিশ্বজুড়ে মুক্তবাজার যেমন নগ্নভাবে পাশ্চাত্যের বাজারকে রক্ষা করে চলেছে ও উন্ময়নশীল দেশগুলোকে বানিজ্যে প্রতিবন্ধকতা তুলে নিতে

বাধ্য করছে, তাতে গরীব আরও বেশী গরীব হচ্ছে এবং ধনী আরও বেশী ধনী। গণঅসন্তোষের অগুণ্ণপাত শুরু হয়েছে গ্লোবাল ভিলেজে। আর্জেন্টিনা, ব্রাজিল, মেক্সিকো, বলিভিয়া এবং ভারতের মত দেশগুলোয় কর্পোরেট বিশ্বায়ন বিরোধী প্রতিরোধ আন্দোলন গড়ে উঠছে। তাদের দমন করতে, সরকারগুলো নিয়ন্ত্রণ আরো শক্ত করছে। প্রতিবাদকারীদের “সন্ত্রাসী” আখ্যা দেওয়া হচ্ছে এবং তাদের সাথে সেইরূপ আচরণই করা হচ্ছে। কিন্তু গণঅসন্তোষ শুধু মার্চ, মিছিল ও বিশ্বায়ন বিরোধী প্রতিবাদেই থেমে থাকেনা। তা একই সাথে, ইতিহাসের (এবং আমাদের চোখের সামনে যে নাটাইটি সূতো ছাড়ছে) দিকে তাকালে আমরা দেখি, অপরাধ ও বিশৃংখলা এবং সব ধরনের হতাশা ও আশাভঙ্গের চোরাবালির নিম্নমুখী জালে জড়িয়ে পড়ে, ধীরে ধীরে বিভিন্ন ভয়ংকর বিষয়-সাংস্কৃতিক জাতীয়তাবাদ, ধর্মান্ধতা, ফ্যাসিবাদ, এবং অবশ্যই সন্ত্রাসবাদের উর্বর ভূমি হয়ে ওঠে।

এ সব কিছুই কর্পোরেট বিশ্বায়নের হাতে হাত রেখে পথ চলে।

একটা কথা বেশ বিশ্বাসযোগ্যতা অর্জন করছে যে মুক্তবাজার নাকি সব ধরনের জাতীয় প্রতিবন্ধকতা দূর করে, কর্পোরেট বিশ্বায়নের চূড়ান্ত গন্তব্য নাকি একটি হিঙ্গল-স্বর্গ যেখানে হৃদয়ই হল একমাত্র পাসপোর্ট আর আমরা সবাই মিলেমিশে জন লেননের<sup>১৩</sup> গানের মাঝে সুখে শান্তিতে বাস করি( ইম্যাজিন দেয়ার ইজ নো কান্ট্রি)।

এ এক শুভঙ্করের ফাঁকি।

মুক্তবাজার শুধু জাতীয় সার্বভৌমত্বকেই দুর্বল করেনা, গনতন্ত্রকেও। ধনী-গরীবের ব্যবধান বাড়ার ফাঁকতালে গোপন কজিটা এর ফায়দা তুলে নিচ্ছে। বড় অংকের মুনাফা প্রসবকারী গোপন ব্যবসায়িক লেনদেন শিকারি বহুজাতিক কর্পোরেশনগুলো উন্নয়নশীল দেশগুলোতে ঐ সব লেনদেনগুলো ত্বরান্বিত করতে ও প্রকল্পগুলো পরিচালনা করতে পারেনা রাষ্ট্রযন্ত্র-পুলিশ, আদালত, এমনকি মাঝে মাঝে সামরিক বাহিনীর সক্রিয় দালালী ব্যতীত। আজ কর্পোরেট বিশ্বায়নের জন্য একটি আন্তর্জাতিক সংঘ প্রয়োজন যা গঠিত হবে দরিদ্র দেশগুলোর বিশ্বস্ত, দুর্নীতিবাজ, স্বৈরতান্ত্রিক সরকারগুলো নিয়ে যারা সে দেশগুলোতে অজনপ্রিয় সংস্কার সাধন ও বিদ্রোহ দমন করতে পারবে। এর প্রয়োজন একটি সংবাদমাধ্যম যা স্বাধীন থাকবার ভান করবে। এর প্রয়োজন পারমানবিক বোমা, চৌকস সামরিক বাহিনী, কঠোর

অভিবাসন আইন, আর সমুদ্রসীমায় কড়া নজরদারীর টহল যাতে শুধুমাত্র অর্থ, পণ্য, স্বত্ব ও সেবার বিশ্বায়ন ঘটে— মানুষের স্বাধীন চলাফেরার নয়, মানবাধিকারের প্রতি শ্রদ্ধার নয়, কিংবা রাসায়নিক ও পারমানবিক অস্ত্র, বা গ্রীন হাউজ গ্যাস নিয়ন্ত্রণ, জলবায়ু পরিবর্তন, অথবা খোদা না খাস্তা ন্যায় বিচারের উপর কোন আন্তর্জাতিক চুক্তির নয়। ভাবখানা এমন যে আন্তর্জাতিক দায়-দায়িত্বের প্রতি সামান্যতম ঈঙ্গিত ও যেন পুরো প্রকল্প নস্যাত্ন করে দেবে।

আফগানিস্তানের ধ্বংসস্তূপের ওপর সন্ত্রাসবিরোধী যুদ্ধের পতাকা উড্ডয়নের প্রায় এক বছর হতে চলল। একের পর এক দেশের স্বাধীনতা কেড়ে নেওয়া হয়েছে স্বাধীনতা রক্ষার নামে, জনগণের স্বাধীনতা হরণ করা হয়েছে গণতন্ত্র রক্ষার নামে। সব ধরনের ভিন্নমতকে “সন্ত্রাসবাদ”—এর সাথে এক করে দেখা হচ্ছে। সব ধরনের আইন পাস হচ্ছে একে মোকাবিলার জন্য। ওসামা বিন লাদেন বোধহয় হাওয়ায় মিলিয়ে গেছে। বলা হচ্ছে, মোল্লা ওমর মটর সাইকেলে পগাড়পার (তারা টিনটিনকে<sup>১৪</sup> তার পিছু লাগাতে পারে)। তালেবানরা হয়তোবা অদৃশ্য হয়েছে কিন্তু তাদের স্বত্বা, তাদের সংক্ষিপ্ত বিচার ব্যবস্থা মাটি ফুঁড়ে উদয় হচ্ছে অযাচিত সব স্থানে। ভারতে, পাকিস্তানে, নাইজেরিয়ায়, আমেরিকায়, সকল মধ্য এশীয় স্বৈরশাসিত রাষ্ট্রসমূহে এবং অবশ্যই আফগানিস্তানে যুক্তরাষ্ট্র সমর্থিত উত্তরাঞ্চলীয় জোটের অধীনে।

এর মাঝে শপিং মলে চলে বিকিকিনি। সবকিছুর উপর মূল্যহ্রাস—মহাসাগর, নদী, তেল, জিনপুল, প্রজাপতি, ফুল, শৈশব, এ্যালুমিনিয়াম কারখানা, ফোন কোম্পানী, প্রজ্ঞা, বন্যতা, নাগরিক অধিকার, প্রতিবেশ, বায়ুমন্ডল—৪.৬ মিলিয়ন বছরের সকল বিবর্তন। তা মোড়কজাত, সীলমোহর যুক্ত, স্টিকার সহকারে, মূল্য সংযুক্ত, এবং তাকে সাজিয়ে রাখার জন্য সহজলভ্য (ফেরৎযোগ্য নহে)। ন্যায়বিচারের বেলায়—আমি শুনেছি তাও নাকি নিলামে ওঠার পথে। টাকা দিলে আপনি সবার সেরাটা পেতে পারবেন।

ডোনাল্ড রামসফেল্ড<sup>১৫</sup> বলেছেন সন্ত্রাসবিরোধী যুদ্ধে তার মিশন হল—বিশ্ববাসীকে বুঝিয়ে দেয়া যে মার্কিনীদের কে তাদের নিজেদের মত করে জীবন—যাপন করতে দিতে হবে। উন্মাদ রাজা যখন সজোরে পদপাত করে, ক্রীতদাসেরা তাদের খুপরিতে বসে দাঁত কপাটি খায়। তাই, এখানে দাড়িয়ে আমার পক্ষে এটা বলা কঠিন, কিন্তু মার্কিন স্টাইলের জীবনযাত্রা সুস্পষ্টভাবেই চলতে পারেনা। কারণ তা স্বীকার করেনা যে, মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরেও পৃথিবীর অস্তিত্ব আছে।

সৌভাগ্যক্রমে ক্ষমতারও আয়ুসীমা আছে। যখন সময় হবে, পূর্বের অন্যান্যদের মতই, এই মহা শক্তির সাম্রাজ্য নিজেকে ছাড়িয়ে যাবার প্রচেষ্টায় নিজের ভেতর থেকেই বিস্ফোরিত হয়ে ধ্বংস হয়ে যাবে। ইতিমধ্যেই এর গঠনগত ফাটল দৃশ্যমান। সম্রাসবিরোধী যুদ্ধের জাল যতই বিস্তৃত থেকে বিস্তৃততর হচ্ছে, মার্কিন কর্পোরেট হৃদয়ে ততই রক্তক্ষরণ বেড়ে চলেছে। গণতন্ত্র নিয়ে যতই সীমাহীন সারজন্য বাকোয়াজ হোক না কেন, বিশ্ব চলাছে সবচেয়ে গোপণীয় ভাবে তৎপর তিনটি সংগঠনের দ্বারা—আই,এম,এফ, বিশ্বব্যাপক, ও বিশ্ব বানিজ্য সংস্থা, প্রতিটিতেই আবার মার্কিন যুক্তরাষ্ট্রের আধিপত্য। তারা সকল সিদ্ধান্ত নেয় গোপণে। সেগুলো যারা নির্বাহ করে তাদেরকে রুদ্ধদ্বারের ওপাশ থেকে নিয়োগ দেওয়া হয়। সত্যিকার অর্থেই কেউ তাদের রাজনীতি, তাদের বিশ্বাস ও তাদের অভিসন্ধি সম্পর্কে অবগত নয়। আসলে কেউ তাদের নির্বাচিত করেনি। কেউ এ কথা বলেনি যে আমাদের থেকে তারা সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে। মুষ্টিমেয় কিছু লোভী ব্যাংকার এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, যাদেরকে কেউ নির্বাচিত করেনি, কর্তৃক পরিচালিত একটি বিশ্ব সম্ভবত খুব বেশীদিন টিকে থাকবেনা।

সোভিয়েত স্টাইল কমিউনিজম ব্যর্থ হয়েছে, এই কারণে নয় যে এর তেতরটা শয়তানীতে ভরা ছিল, বরং এই কারণে যে সেটি ছিল ক্রটিপূর্ণ। মুষ্টিমেয় কিছু ব্যক্তিকে অন্যায়ভাবে খুব বেশী ক্ষমতার অধিকারী হবার সুযোগ করে দিয়েছিল। একবিংশ শতাব্দীর বাজারী পুঁজিবাদ, মার্কিন স্টাইল, ব্যর্থ হবে একই কারণে। উভয়ই হল অট্টালিকা। মানুষের জ্ঞান যা নির্মাণ করে, মানুষের প্রকৃতি তাই আবার বিনির্মাণ করে।

সময় ঘনিয়ে এসেছে, বলেছিল ওয়ালরাস।<sup>১৬</sup> সবকিছুর হয়তো আরও অবনতি ঘটবে এবং তারপর আবার ভাল হতে থাকবে। হয়তো, স্বর্গে ক্ষুদ্র কোন ঈশ্বর নিজেকে তৈরি করছেন আমাদের জন্য। নতুন একটা পৃথিবী শুধু সম্ভবই না, সেটি ইতিমধ্যেই হবার পথে। হয়তো আমরা অনেকেই থাকবোনা তাকে বরণ করবার জন্য, কিন্তু শান্ত কোন দিনে, খুব মন দিয়ে যদি শুনি, আমি অনুভব করি তার শ্বাস-প্রশ্বাস।



## টীকা:

১. এটি অরুন্ধতী রায়ের “Come September” প্রবন্ধের বাংলা অনুবাদ। তিনি ১৮ই সেপ্টেম্বর, ২০০২-এ যুক্তরাষ্ট্রের নিউ মেক্সিকোর সান্টা ফে-তে ল্যানান ফাউন্ডেশনের আমন্ত্রণে এই রচনাটি পড়ে শোনান। ১৮ই সেপ্টেম্বর, ২০০২ তারিখটি উল্লেখ করা হল কারণ এর মাত্র এক সপ্তাহ আগেই নিউইয়র্কের টুইন টাওয়ারে ভয়াবহ সন্ত্রাসী হামলাটি সংঘটিত হয়েছিল। প্রবন্ধটি তারই প্রেক্ষিতে রচিত। প্রবন্ধের শিরোনামটির বাংলা অনুবাদের জন্য আমি নাটালি ইমব্রাগলিয়ার বিখ্যাত “Come September” গানটির সহায়তা নিয়েছি।
২. জন বার্গার(১৯২৬-) ব্রিটিশ শিল্প সমালোচক, ঔপন্যাসিক ও চিত্রকর।
৩. তথ্যের জন্য দেখুন: John Pomfret, ‘Chinese Working Overtime To Sew US Flags’, *Washington Post*, 20 September, 2001
৪. জ্যাজ পৃথিবীখ্যাত মার্কিন সংগীতের একটি ধারা। আমেরিকার কৃষ্ণঙ্গ ক্রীতদাসেরা এই ধারার উদ্ভব করে। তারা তাদের দুঃখের কথা এই গানের ভেতর দিয়ে প্রকাশ করত।
৫. টনি মরিসন(১৯৩১) বিশ্বখ্যাত মার্কিন ঔপন্যাসিক। তার বিখ্যাত দুটি উপন্যাস: দ্যা ব্লয়েস্ট আই ও বিলাভেড।
৬. জন আপডাইক(১৯৩২- ২০০৯) বিখ্যাত মার্কিন লেখক ও কবি।
৭. আফ্রিকার মালির একটি শহরের নাম তিম্বাকু, যেটি পনেরো ও ষোল শতকে আফ্রিকায় ইসলামের প্রসারে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।
৮. সান্টা ফে-তেই অরুন্ধতি এই রচনাটি পাঠ করেন। ১নং টীকা দেখুন।
৯. কারণ ৯/১১ এর মাত্র ১ সপ্তাহ পরে অরুন্ধতী যুক্তরাষ্ট্রে যান ল্যানান কালচারাল স্ট্রিম প্রাইজ গ্রহণ করতে এবং সেখানে তিনি শ্রোতাদেরকে রচনাটি (Come September) পাঠ করে শোনান।
১০. পারমানবিক বোমার পর ডেইজি কাটারই হু সবচাইতে মারাত্মক ও প্রাণঘাতী অস্ত্র। একটি ডেইজি কাটার বোমা ১৫০০০ পাউন্ড বিস্ফোরক ধারণ ক্ষমতা সম্পন্ন।
১১. ১৯১৭ সালে ব্রিটিশ সরকারের আনুষ্ঠানিকভাবে ব্যালফোর ঘোষণার চূড়ক অংশ হুবহু ইংরেজীতে উদ্ধৃত করা হলঃ “His Majesty's government view with favour the establishment in Palestine of a national home for the Jewish people, and will use their best endeavors to facilitate the achievement of this object, it being clearly understood that nothing shall be done which may prejudice the civil and religious rights of existing non-Jewish communities in Palestine, or the rights and political status enjoyed by Jews in any other country”.
১২. দক্ষিণ আফ্রিকা ও দক্ষিণ-পশ্চিম আফ্রিকায় কৃষ্ণঙ্গ জাতিগোষ্ঠীর পৃথক আবাসভূমি। বর্তমানে বাস্তুস্থান শব্দটি সে সকল এলাকা বা দেশের ক্ষেত্রে ব্যবহৃত হয় যাদের কোন সার্বভৌমত্ব নেই, নিজেদের উপর নিয়ন্ত্রণ নেই, শাসন ক্ষমতা নেই।
১৩. ’৬০ এর দশকের বিশ্বখ্যাত ব্যান্ড বিটল্‌স্ এর গায়ক।
১৪. বিশ্বখ্যাত কমিকস সিরিজ টিনটিনের প্রধান চরিত্র।
১৫. ডোনাল্ড রামসফেল্ড(১৯৩২-) মার্কিন যুক্তরাষ্ট্রের সাবেক সামরিক সচিব(২০০১-২০০৬)।
১৬. “দ্যা ওয়ালরাস এ্যান্ড দ্যা কার্পেন্টার” কবি লুইস ক্যারল রচিত একটি বর্ণনামূলক কবিতা। বিটল্‌সের গায়ক প্রয়াত জন লেননের মতে কবিতাটি পুঞ্জিবাদের একটি সমালোচনা।



Confronting Empire (Arundhati Roy)

সাম্রাজ্যের মোকাবিলা

আমাকে 'কিভাবে সাম্রাজ্যের মোকাবিলা করতে হবে?' সে সম্পর্কে বলতে বলা হয়েছে।<sup>১</sup> এটা খুব বড় একটা প্রশ্ন। এ প্রশ্নের কোনো সহজ উত্তর আমার জানা নেই।

সাম্রাজ্যের মোকাবিলা বিষয়ে কথা বলবার পূর্বে আমাদেরকে সাম্রাজ্যের অর্থ সনাক্ত করা প্রয়োজন। এর অর্থ কি মার্কিন যুক্তরাষ্ট্র সরকার (এবং তার ইউরোপীয় উপগ্রহ সমূহ), বিশ্বব্যাংক, আই,এম,এফ, বিশ্ব বাণিজ্য সংস্থা, এবং বহুজাতিক কর্পোরেশনগুলো? নাকি তা এর চেয়েও বেশি কিছু?

বিভিন্ন দেশে, সাম্রাজ্যের বিকল্প মাথা গজিয়েছে, এর কিছু ভয়ংকর সহ-উৎপাদন-জাতীয়তাবাদ, ধর্মান্ধতা, ফ্যাসিবাদ এবং অবশ্যই সন্ত্রাসবাদ। এর সবই আবার কর্পোরেট বিশ্বায়নের হাতে হাত রেখে পথ চলে।

একটু বিষদ ভাবে বলি। ভারত-বিশ্বের বৃহত্তম গণতন্ত্র-বর্তমানে কর্পোরেট বিশ্বায়ন প্রকল্পের পুরোভাগে অবস্থান করছে। এর ১০০ কোটি জনগণের 'বাজার' এখন বিশ্ব বাণিজ্য সংস্থার উৎসুক চোখের সামনে উন্মুক্ত করে দেওয়া হয়েছে। কর্পোরেটায়ন এবং বেসরকারীকরণ ভারতীয় সরকার এবং অভিজাত সমাজ কর্তৃক সাদরে গৃহীত হয়েছে।

এটা কোন কাকতালীয় ব্যাপার নয় যে, প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রী, বিনিয়োগ মন্ত্রী-যারা ভারতে এনরনের<sup>২</sup> সাথে চুক্তি করেছেন, যারা দেশের ভৌত অবকাঠামো কর্পোরেট বহুজাতিকদের কাছে বিক্রি করেছেন, যারা পানি, বিদ্যুৎ, তেল, কয়লা, ইস্পাত, স্বাস্থ্য, শিক্ষা এবং টেলিযোগাযোগের বেসরকারীকরণ চান-তারা সকলেই রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘ (আরএসএস)<sup>৩</sup> এর সদস্য অথবা সমর্থক যা একটি ডানপন্থী, চরমপন্থী হিন্দু জাতীয়তাবাদী সংঘ যা কিনা প্রকাশ্যে হিটলার এবং তার পদ্ধতির প্রসংশা করে।

গণতন্ত্রকে নখদন্তহীন করার কাজটি অবকাঠামোগত সমন্বয় প্রকল্পের সাথে একই দক্ষতা ও দ্রুততায় এগিয়ে চলেছে। কর্পোরেট বিশ্বায়নের প্রকল্পগুলো ভারতীয় জনগণের জীবনকে হিম্মতিল্প করে চলেছে, ব্যাপক বেসরকারীকরণ এবং শ্রম সংস্কার মানুষকে তাদের জমি থেকে উচ্ছেদ করছে এবং জীবিকা থেকে বিতাড়িত করছে। সর্বশ্ব হারানো শত শত কৃষক কীটনাশক খেয়ে আত্মহত্যা করছে। দেশের সর্বত্রই অনাহারে মৃত্যুর খবর পাওয়া যাচ্ছে।

অভিজাতরা যখন আকাশ ছোয়া কল্পিত গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা শুরু করেছে, সর্বহারারা তখন অপরাধ ও বিশ্বজ্ঞানর চোরবানির নিম্নমুখী জালে জড়িয়ে পড়ছে। ফ্যাসিবাদের জন্য, ইতিহাস আমাদের বলে, হতাশা এবং জাতির মোহভঙ্গের আবহাওয়া সবচেয়ে উপযুক্ত লালনভূমি।

ভারত সরকারের দুই বাহু নিখুঁতভাবে সাড়াশী আক্রমণের উদ্ভব করেছে। যখন একবাহু ভারতকে টুকরো টুকরো করে বিক্রি করতে বাস্তু, অন্যটি, দৃষ্টি আকর্ষণ অন্যদিকে প্রবাহিত করতে, সমন্বয়ে হিন্দু জাতীয়তাবাদ এবং ধর্মীয় ফ্যাসিবাদের এক গগনবিদারী, যেউ ধেউ চিংকারে মদদ দিচ্ছে। এটি পারমানবিক পরীক্ষা চালাচ্ছে, নতুন করে ইতিহাসের বই লিখছে, গীর্জা পুড়িয়ে দিচ্ছে, এবং মসজিদ গুড়িয়ে দিচ্ছে। সেন্সরশীপ, নজরদারী, নাগরিক ও মানবাধিকার হ্রাসিতকরণ, কে ভারতীয় নাগরিক আর কে নয় সে ব্যাপারে জিজ্ঞাসাবাদ, বিশেষ করে ধর্মীয় সংখ্যালঘুদের ক্ষেত্রে, এ সবই এখন সাধারণ চর্চায় পরিণত হয়েছে।

গত মার্চে, গুজরাত প্রদেশে রাষ্ট্রীয় সৌজন্যে সংঘটিত একটি দাঙ্গায় নৃশংস বলি হয়েছে ২০০০ মুসলমান। মুসলিম নারীরা ছিল বিশেষ টার্গেট। তাদের বস্ত্রহরণ করা হয়েছে, এবং তাদেরকে গণধর্ষণ করা হয়েছে, জীবন্ত অগ্নিদগ্ধ করার পূর্বে। অগ্নিসংযোগকারীরা দোকানে, বাড়িতে, টেক্সটাইল মিলগুলোতে, এবং মসজিদে আগুন ধরিয়ে দেয় ও লুণ্ঠন চালায়। ১,৫০,০০০ এরও বেশী মুসলিমকে তাদের বাড়ি থেকে বিতাড়িত করা হয়েছে। মুসলিম সমপ্রদায়ের অর্থনৈতিক ভিত্তি ধ্বংসে গেছে।<sup>৪</sup>

গুজরাট যখন জুলছিল, ভারতের প্রধানমন্ত্রী তখন এমটিভিতে তার নতুন কবিতার প্রচার করছিল। ডিসেম্বর ২০০২-এ, যে সরকার গণহত্যায় মদদ দিয়েছিল তা আবার তুণ্ডদায়ক সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ভোটের মাধ্যমে ক্ষমতায় ফিরে আসে। গণহত্যার জন্য কাউকেই শাস্তি দেওয়া হয়নি। নরেন্দ্র মোদী, দাঙ্গার হুপতি, আর,এস,এস-এর গর্বিত সদস্য, দ্বিতীয় মেয়াদে গুজরাটের মুখ্যপত্রীর পদ অলংকৃত করেছেন।<sup>৬</sup> যদি তিনি সাদ্দাম হোসেন হতেন, অবশ্যই তার প্রতিটি নৃশংসতা সিএনএন এ দেখানো হতো। কিন্তু যেহেতু তিনি তা নন-এবং যেহেতু ভারতীয় বাজার বৈশ্বিক বিনিয়োগকারীদের জন্য উন্মুক্ত-সেহেতু, গণহত্যাও কোন অস্বস্তিকর অবস্থান নয়। ভারতে ১০০ মিলিয়নেরও বেশি মুসলমান বাস করছে। আমাদের প্রাচীন ভূমিতে একটি টাইমবোমা টিক টিক করে তার সম্পদ জানান দিচ্ছে।

এসব কিছু এই জন্যই বলা যে, মুক্তবাজার জাতিগত প্রতিবন্ধকতা দূর করে এ কথাটি আসলে একটি মিথ। মুক্তবাজার জাতীয় সার্বভৌমত্বের প্রতি শুধু হুমকিই নয়, এটি গণতন্ত্রকেও রুগ্ন করে। ধনী ও গরিবের মাঝখানে বৈষম্য যতই প্রকট হচ্ছে, একচেটিয়া ভাবে সম্পদ কেনার যুদ্ধ ততই তীব্রতর হচ্ছে। তাদের গোপণ চুক্তি গুলোকে এগিয়ে নিতে, যে ফসল আমরা ফলাই, যে পানি আমরা পান করি, যে বাতাসে আমরা নিঃশ্বাস নেই, এবং যে স্বপ্ন আমরা দেখি তার কর্পোরেটায়ন করার জন্য কর্পোরেট বিশ্বেয়নের প্রয়োজন একটি প্রভূতক্ত আন্তর্জাতিক মিত্র সংঘ। যা কিনা, বিশ্বস্ত, দুর্নীতিবাজ এবং শৈরাচারী সরকার সমূহ নিয়ে গঠিত হবে যাতে করে গরীব দেশগুলোয় অজনপ্রিয় সংস্কার বাস্তবায়ন এবং বিদ্রোহ দমন করা যায়। কর্পোরেট বিশ্বেয়ন-না কি, আমরা এর নাম ধরে ডাকবো? সাম্রাজ্যবাদ-এর প্রয়োজন একটি সংবাদ মাধ্যম যে স্বাধীন থাকার ভান করে। এর প্রয়োজন আদালতের যা ন্যায় বিচার বিধান দেবার ভান করে।

ইতিমধ্যে, উত্তরের দেশগুলো তাদের সীমান্ত প্রতিরক্ষা আরো শক্ত করছে এবং ব্যাপক গণবিক্ষণসী অস্ত্র মজুদ করছে। সবকিছুর আগে, তাদেরকে নিশ্চিত করতে হবে যে, শুধুমাত্র টাকা-পয়সা, পণ্য, স্বত্ব এবং সেবার বিশ্বেয়ন ঘটে। মানুষের স্বাধীন চলাকোর নয়। মানবাধিকারের প্রতি শ্রদ্ধার নয়। জাতিগত



বৈষম্য কিংবা রাসায়নিক বা পারমানবিক অস্ত্র অথবা গ্রীণহাউজ গ্যাসের নিয়ন্ত্রণ বা জলবায়ু পরিবর্তন অথবা-খোদা না করুক-ন্যায় বিচারের উপর আন্তর্জাতিক চুক্তিসমূহের নয়।

তাই এগুলো-এগুলো সব-হচ্ছে সাম্রাজ্য। এই প্রভুভক্ত মিত্র সংঘ, ক্ষমতার এই অশ্লীল দখলীকরণ, ব্যাপকহারে ক্রমবর্ধমান এই দূরত্ব যারা সিদ্ধান্ত গ্রহণ করে এবং যারা গৃহীত সিদ্ধান্তের কুফল ভোগ করে তাদের মধ্যে।

আরেকটি বিশ্বের লক্ষে আমাদের লড়াই এবং আমাদের স্বপ্ন এই দূরত্বকে অবশ্যই দূর করা। তাহলে, আমরা কি ভাবে সাম্রাজ্যকে প্রতিরোধ করবো।

সুখের বিষয় আমরা খুব একটা খারাপ করছি না। আমাদের গুরুত্বপূর্ণ কিছু বিজয় আছে। এর মধ্যে, আমাদের, ল্যাটিন অ্যামেরিকাতেই অনেক বেশী-বলিভিয়াতে, আমাদের আছে, কোচাবাম্বা<sup>৬</sup> পেরুর আরকুইপাতে গণবিদ্রোহ দানা বেঁধেছে।<sup>৭</sup> ভেনেজুয়েলাতে, হুগো শ্যাভেজ নিজের অবস্থান ধরে রেখেছেন, যুক্তরাষ্ট্র সরকারের সর্বোচ্চ প্রচেষ্টা সত্ত্বেও। এবং বিশ্বের দৃষ্টি এখন আর্জেন্টিনার জনগনের প্রতি, যারা আই,এম,এফ এর সৌজন্যে ধ্বংসস্তুপে পরিণত হওয়া একটি দেশকে এর ভ্রমস্তুপ থেকে নতুন ভাবে সাজানোর চেষ্টা করছে।

ভারতে কর্পোরেট বিশ্বায়ন বিরোধী আন্দোলন বেগবান হচ্ছে এবং ধর্মীয় ফ্যাসিবাদ বিরোধী একমাত্র সত্যিকার রাজনৈতিক শক্তি হিসাবে আবির্ভূত হতে চলেছে।

কর্পোরেট বিশ্বায়নের চাকচিক্যপূর্ণ দূত-এনরন<sup>৮</sup>, বেকটেল<sup>৯</sup>, ওয়ার্ল্ডকম<sup>১০</sup>, আর্থার আন্ডারসন<sup>১১</sup>-গতবছর তারা ছিল কোথায়, আর এখন কোথায়?

এবং এখানে অবশ্যই ব্রাজিলের ব্যপারে আমাদের প্রশ্নতুলতে হবে- গতবছরের প্রেসিডেন্ট কে ছিলেন, আর এখন তা কে?

এর পরেও আমাদের অনেকেই হতাশা ও নৈরাশ্যের গাঢ় অন্ধকারে আছি। আমরা জানি, সন্ত্রাস বিরোধী যুদ্ধের বিস্তৃত আবরণের নিচে, স্যুট-টাই পরিহিত মানুষগুলো তাদের কাজে ব্যস্ত।

যখন বৃষ্টির মত করে আমাদের উপর বোমা বর্ষিত হয় এবং বেপরোয়াভাবে আকাশে ফ্রুজ মিসাইলগুলো পাশ কাটায়, তখন, আমার জানি, চুক্তি স্বাক্ষরিত হয়, যত্ন নিবন্ধিত হয়, তেজের পাইপলাইনের নির্মিত হয়, প্রাকৃতিক সম্পদ নৃষ্টিত হয়, পানিকে ব্যক্তির সম্পত্তি বানানো হয়, এবং জর্জ বুশ ইরাকের বিরুদ্ধে যুদ্ধের পরিকল্পনা করে।

আপনি যদি, সাম্রাজ্য এবং আমরা যারা এর প্রতিরোধ করছি, এর মধ্যকার সংঘর্ষকে একটি সরল রৈখিক মুখোমুখি মোকাবেলা রূপে দেখেন, তবে মনে হতে পারে যে, আমরা হেরে যাচ্ছি।

কিন্তু একে ভিন্ন দৃষ্টিতে দেখার উপায় আছে। আমরা সবাই যারা এখানে জড়ো হয়েছি, প্রত্যেকেই নিজের মতো করে, সাম্রাজ্যকে চাপের মুখে রেখেছি।

হয়তো আমরা এর পথ রুদ্ধ করতে পারিনি-কিন্তু-তবুও- আমরা একে দিশম্বর করে ছেড়েছি। আমরা এর মুখোশ উন্মোচন করেছি। একে আমরা প্রকাশ্যে আসতে বাধ্য করেছি। এটি এখন বিশ্বের রঙ্গমঞ্চে আমাদের সামনে দাঁড়িয়ে এর সবধরণের পাশবিক, পাপী, নগ্নতা নিয়ে।

সাম্রাজ্য হয়তো ঠিকই যুদ্ধ চালাবে, কিন্তু এটি এখন প্রকাশ্য দিবালোকে-এর নিজের চেহারা নিজেই সোথে অতি কুৎসিত। এমনকি এর নিজস্ব জনগণকে শেতুত্ব দেবার জন্যও তা অতিরিক্ত কদর্যময়। সেদিন খুব বেশী দূরে নয় যখন মার্কিন যুক্তরাষ্ট্রের অধিকাংশ জনগণই হবেন আমাদের বন্ধু।

ওয়াশিংটনে, প্রায় আড়াই লক্ষ জনগন রাস্তায় নেমে ইরাক যুদ্ধ বিরোধী মিছিল করেছে। প্রতি মাসে, প্রতিবাদ আরও জোরদার হচ্ছে। ১১ সেপ্টেম্বর ২০০১ এর আগে মার্কিন যুক্তরাষ্ট্রের একটি

গোপন ইতিহাস ছিল। গোপন, বিশেষত এর নিজের জনগনের কাছে। কিন্তু এখন যুক্তরাষ্ট্রের গোপনীয়তার ইতিহাসই একটি ইতিহাস, এবং এই ইতিহাস জনসাধারণের জানা। রাস্তাঘাটের আলোচনার বিষয়।

আজকে, আমরা জানি প্রতিটি যুক্তিই যা ইরাকের বিরুদ্ধে যুদ্ধকে মহৎরূপে দেখানোর জন্য ব্যবহৃত হচ্ছে তার সবই মিথ্যা, এর মধ্যে সবচেয়ে যেটি হাস্যকর তা হলো ইরাকে গণতন্ত্র ফিরিয়ে আনার ব্যাপারে যুক্তরাষ্ট্র সরকারের গভীর প্রতিশ্রুতি।

স্বৈরতন্ত্র অথবা মতাদর্শগত স্থলন থেকে জনগনকে রক্ষা করতে তাদের হত্যা করা, অবশ্যই, মার্কিন সরকারের একটি অতি পুরোনো খেলা। এই লাতিন আমেরিকাতে, আপনারা তা সবচেয়ে বেশি ভালো জানেন।

করোরই সন্দেহ নেই যে, সাদ্দাম হোসেন একজন নিষ্ঠুর স্বৈরশাসক, একজন ঘাতক (যার নিকৃষ্টতম বাড়াবাড়িগুলো মার্কিন যুক্তরাষ্ট্র ও গ্রেট ব্রিটেন সরকারের সমর্থন নিয়ে সংগঠিত হয়েছিল)। কোন সন্দেহ নেই যে, তাকে ছাড়া ইরাকিরা অনেক ভালো থাকতো।

কিন্তু তাহলে, সমগ্র বিশ্ব অনেক ভালো ভাবে থাকতে পারতো একজন বিশেষ মিঃ বুশকে ছাড়া। সত্যিকার অর্থেই, সাদ্দাম হোসেনের চাইতে সে অনেক অনেক বেশি বিপদজনক।

তাহলে, বুশকে হোয়াইট হাউস থেকে বহিস্কার করার জন্য কি আমাদের উচিত তার উপর বোমা বর্ষণ করা?

এটা পরিকারের চেয়েও বেশি পরিকার যে, ইরাক যুদ্ধে নামার ব্যাপারে জর্জ বুশ দৃঢ় প্রতিজ্ঞ, কোন তথ্য- উপাত্তের তোয়াক্কা না করে- এবং আন্তর্জাতিক জনমতকে বৃদ্ধাঙ্গুলি দেখিয়ে।

এর মিত্র শিকারের অভিযানে নেমে তথ্য উপাত্ত উদ্ভাবনের জন্য যুক্তরাষ্ট্র প্রস্তুত। অস্ত্র-পরিদর্শকদের দিয়ে ভনিতা করানো যুক্তরাষ্ট্র সরকারের একটি জঘন্য, ন্যাকার জনক অনুমোদন কিছু বিকৃত আন্তর্জাতিক আদিখ্যেতার প্রতি। এটা অনেকটা কুকুরের জন্য দরজার ফোকড় খোলা রাখার মতো যাতে করে শেষ মুহূর্তের “মিত্ররা” প্রবেশ করতে পারে অথবা হয়তো জাতিসংঘ হামাগুড়ি দিয়ে ঢুকতে পারে। কিন্তু, সকল প্রকার অভিসন্ধি ও মতলব নিয়ে, ইরাকের বিরুদ্ধে নতুন যুদ্ধ শুরু হয়েছে।

আমরা কি করবো?

আমরা আমাদের স্মৃতিশক্তিতে শান দিতে পাড়ি, আমরা আমাদের ইতিহাস থেকে শিক্ষা নিতে পারি। আমরা অবিরাম জনমত গঠন করা চালিয়েই যেতে পারি, যতক্ষণ না পর্যন্ত তা কানফাটা গর্জনে পরিণত হয়।

আমরা ইরাক যুদ্ধকে মার্কিন সরকারের বাড়াবাড়ির একটি সম্মেলনে রূপ দিতে পারি।

আমরা জর্জ বুশ ও টনি ব্ল্যার—এবং তাদের মিত্রদের মুখোশ উন্মোচন করতে পারি—যে, তারা কাপুরুষ শিশু হত্যাকারী, পানিতে বিষ প্রয়োগকারী, এবং কাপুরুষোচিত দূরপাল্লার বোমা নিক্ষেপকারী। আমরা গণঅসন্তোষকে আরও লক্ষ্যাধিক নতুন ভিন্নমাত্রা দিতে পারি। অন্য কথায়, আমরা আরও মিলিয়ন মিলিয়ন উপায় নিয়ে আসতে পারি সমষ্টিগত ভাবে এর পশ্চাৎদেশ ব্যাখ্যা করবার জন্য।

জর্জ বুশ যখন বলে, “হয় তুমি আমাদের সাথে, নয়তো সন্ত্রাসীদের সাথে”; তখন, আমরা বলতে পারি, “না, ধন্যবাদ”। আমরা তাকে এটা জানিয়ে দিতে পারি যে, বিশ্ববাসীর কোন দরকার নেই একটি ঈর্ষাপরায়ন মিকি মাউস এবং উন্মাদ মোল্লাদের মধ্যে থেকে যে কোন একটি পথ বেছে নেবার।

আমাদের রণকৌশল শুধু সাম্রাজ্যবাদের মুখোমুখি হওয়াই নয়, বরং একে চাপের মুখেও রাখা। একে এর প্রয়োজনীয় অস্ত্রিভেদ থেকে বঞ্চিত রাখা। একে লজ্জা দেওয়া। একে উপহাস করা। আমাদের শিল্প

য়ে, সঙ্গীত দিয়ে, সাহিত্য দিয়ে, অবাধ্যতা দিয়ে, আনন্দ দিয়ে, প্রতিভা দিয়ে, সম্পূর্ণ নিষ্ঠুরতা  
য়ে-এবং আমাদের নিজেদের কথা নিজেরাই বলতে পারার সামর্থ্য দিয়ে। যে সকল কথা আমাদের  
গজ ধোলাই করে বিশ্বাস করানো হচ্ছে সেগুলো থেকে ভিন্ন কথা।

পোর্টেট বিপ্লব ধ্বংস হবে যদি আমরা তা যে সব পণ্য গুলো বিক্রয় করে সে গুলোকে প্রত্যাখ্যান করি-  
দের ধ্যান ধারণা, তাদের মন গড়া ইতিহাস, তাদের যুদ্ধ, তাদের অস্ত্র, তাদের অনিবার্যতার ধারণা।

নে রাখবেন: আমরা সংখ্যায় বেশি এবং তারা অল্প। তাদেরকে আমাদের যতটা না দরকার তার চাইতে  
আমাদেরকে তাদের আরো বেশি দরকার।

কা:

জানুয়ারী ২৭, ২০০৩-এ অরুন্ধতী রায় এই প্রবন্ধটি ব্রাজিলের পোর্টো এ্যালেরিয়ার ওয়ার্ল্ড সোশাল ফোরামে সমবেত  
বক্তাদের উদ্দেশ্যে বক্তৃতা আকারে পাঠ করেন।

সাবেক এনরন কর্পোরেশন ছিল একটি যুক্তরাষ্ট্র ভিত্তিক জ্বালানী কোম্পানি, যাদের ব্যবসা সারা বিশ্ব জুড়ে ছিল এবং এটি  
ল বিশ্বের অন্যতম শীর্ষস্থানীয় বিদ্যুৎ, প্রাকৃতিক গ্যাস ও যোগাযোগ প্রযুক্তির কোম্পানি। ২০০১ সালের শেষে উন্মোচিত হয়  
এর প্রকাশিত অর্থনৈতিক প্রতিবেদনে বিপুল পরিমাণ হিসাব জালিয়াতি করা হয়েছে, যা বিখ্যাত “এনরন কেলেংকারি”  
ল পরিচিত, এই জালিয়াতির সাথে যৌথভাবে এর অ্যাকাউন্টিং ফার্ম “আর্থার অ্যান্ডারসন”ও জড়িত ছিল। একই বছরে এই  
গম্পানিটি মার্কিন যুক্তরাষ্ট্রের ইতিহাসে সবচাইতে বড় দেউলিয়াত্বের দ্বারপ্রান্তে এসে দাঁড়ায়। এর পর থেকেই “এনরন”  
মটি দুর্নীতির প্রতীকে রূপ নেয়।

রাষ্ট্রীয় স্বয়ং সেবক সংঘ(আর,এস,এস) হিন্দুত্ববাদী সাম্প্রদায়িক চেতনায় বিশ্বাসী একটি ফ্যাসিবাদী সংগঠন, যা ১৯২৫  
লে এর যাত্রা শুরু করে। অযোধ্যার বিখ্যাত বাবরি মসজিদ ভাঙ্গায় এটি জড়িত ছিল। ভারতীয় মৌলাবাদী দল বিজেপি  
নেক সদস্যই যথা অটল বিহারী বাজপেয়ি, এল কে আদভানী এবং গুজরাটে ২০০২ সালে সংঘটিত মুসলিম বিরোধী দাঙ্গা  
গণহত্যার “প্রকৌশলী” নরেন্দ্র মোদী এই সংগঠনের চেতনায় বিশ্বাসী। এর সাথে সম্পৃক্ত আরো দুটি সংগঠন  
এইচপি(বিশ্ব হিন্দু পরিষদ) ও বজরং দল যারা সামনে থেকে গুজরাট দাঙ্গার নেতৃত্ব দিয়েছিল। এ সম্বন্ধে বিস্তারিত জানতে  
দুনঃ Arundhati Roy, 2002, “Democracy: Who Is She When She’s at Home?” *The Algebra of infinite justice*,  
Penguin Books, New Delhi.

২০০২ সালে ভারতের গুজরাটে সংঘটিত দাঙ্গাকে বলা হয় একটি পরিকল্পিত দাঙ্গা ও গণহত্যা। মুসলমানদের জান-  
ল, সম্পত্তি ও ইজ্জতের উপর যখন হামলা চলছিল তখন গুজরাটের আইন-শৃংখলা বাহিনী ও প্রশাসনের ভূমিকা ছিল নিরব  
র্গকর। গুজরাটের তৎকালীন মুখ্যমন্ত্রী নরেন্দ্র মোদীকে এই ভয়াবহ দাঙ্গার প্রকৌশলী হিসেবে অভিহিত করা হয়। এ সম্বন্ধে  
বিস্তারিত জানতে পড়ুনঃ Arundhati Roy, 2002, “Democracy: Who Is She When She’s at Home?” *The Algebra of*  
*finite justice*, Penguin Books, New Delhi.

বিস্ময়করভাবে দাঙ্গা-পরবর্তী নির্বাচনেও নরেন্দ্র মোদী জয়লাভ করেন। বিস্তারিত দেখুনঃ Edward Luce, ‘Gujarat  
in Likely to Embolden Hindu Right’, *Financial Times*(London), 16 December, 2002.



৬. বলিভিয়ার কোচাবাম্বাতে পানিকে বেসরকারীকরণের সিদ্ধান্তের বিরুদ্ধে তৃণমূল জনগণ যুদ্ধ ঘোষণা করে এবং নাভিন আমেরিকায় সর্বপ্রথম কোচাবাম্বাতেই কর্পোরেট বিশ্বায়নের বিরুদ্ধে জনগণ জয়ী হয়(২০০১ সালে সেখানকার জনগণ পানির নিয়ন্ত্রণ বহুজাতিক কর্পোরেশনের কাছ থেকে নিজেদের দায়িত্বে নিয়ে নেয়)। বিস্তারিতঃ Oscar Olivera, 'The War Over Water in Cochabamba, Bolivia', 'Services for All?' trans. Florencia Belvedere, presented at Municipal Services Project (MSP) Conference, South Africa, 15-18 May 2002.<<http://qsilver.queensu.ca/~mspadmin/pages/Conferences/Services/Olivera.htm>>
৭. পেরুর আরকুইপাতে ২০০২ সালের মধ্য জুনে তৎকালীন প্রেসিডেন্ট আলোহান্দ্রো টলেডোর বিদ্যুৎ বেসরকারীকরণের সিদ্ধান্তের প্রতিবাদে জনগণ প্রতিরোধ আন্দোলন গড়ে তোলে। দেখুনঃ Tom Lewis, 'Contagion in Latin America', *International Socialist Review*, Issue 24, July–August 2000.
৮. ২ নং টীকা দ্রষ্টব্য।
৯. বেকটেল কর্পোরেশন ১৮৯৮ সালে প্রতিষ্ঠিত এবং যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ ইঞ্জিনিয়ারিং কোম্পানি। এশিয়া, আমেরিকা, ইউরোপ ও আফ্রিকা মহাদেশসমূহের বিভিন্ন দেশে এটির বড় বড় নির্মাণ প্রকল্প রয়েছে।
১০. যুক্তরাষ্ট্রের অন্যতম বৃহৎ টেলিকমিউনিকেশন কোম্পানি যা ২০০২ সালে দেউলিয়া ঘোষিত হয়।
১১. আর্থার আন্ডারসন একসময় বিশ্বের ৫টি বৃহত্তম এ্যাকাউন্টিং ফার্মের অন্যতম ছিল। কিন্তু বিখ্যাত “এনরন কেলেঙ্কারি” তে এটি জড়িত থাকার কথা ফাঁস হওয়ায় এটি বৃহত্তর ক্ষতির সম্মুখীন হয় যা এটি এখন পর্যন্ত কাটিয়ে উঠতে পারেনি।

Works Cited

1. Arundhati Roy, "Ten Years On ...: In Conversation With Shoma Chaudhury, March 2008," *The Shape of the Beast*, 2008, Penguin Books, India.
2. Arundhati Roy, "Come September," *An Ordinary Person's Guide to Empire*, 2005, Penguin Books, India.
3. Arundhati Roy, "Ahimsa," *An Ordinary Person's Guide to Empire*, 2005, Penguin Books, India.
4. Arundhati Roy, "Confronting Empire," *An Ordinary Person's Guide to Empire*, 2005, Penguin Books, India.
5. Susan Bassnett, *Translation Studies*, 2002, Routledge, London.
6. [http://en.wikipedia.org/wiki/Arundhati\\_Roy](http://en.wikipedia.org/wiki/Arundhati_Roy)
7. <http://biography.jrank.org/pages/4698/Roy-Arundhati.html> Arundhati Roy Biography

